

এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট
সিজিএস ইউনিট
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।



এসএমইএসপিডি সার্কুলার লেটার নং- ০৮

তারিখঃ আষাঢ় ২৮, ১৪২৮
জুলাই ১২, ২০২১

ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়,

**কুটির, মাইক্রো ও ক্ষুদ্র (CMS) উদ্যোগ খাতে ক্রেডিট গ্যারান্টি স্কীম এর জন্য ব্যাংক এবং
আর্থিক প্রতিষ্ঠানের সাথে অংশগ্রহণ চুক্তি (Participation Agreement) সম্পাদন প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে এসএমইএসপিডি সার্কুলার নং-০৩/২০২০ ও ০৪/২০২০ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। এসএমইএসপিডি সার্কুলার নং-০৩/২০২০ এর ২.১ ও ২.২ অনুচ্ছেদে বর্ণিত শর্তানুযায়ী আগ্রহী ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানকে প্রাথমিক পর্যায়ে সিজিএস ইউনিটের সাথে ৫ (পাঁচ) বছরের জন্য 'অংশগ্রহণ চুক্তি' সম্পাদন এবং প্রতি বছরের জন্য পৃথক পোর্টফোলিও সীমা নির্ধারিত হবে মর্মে নির্দেশনা প্রদান করা হয়েছিল। পরবর্তীতে, এসএমইএসপিডি সার্কুলার নং-০৪/২০২০ এর ২নং অনুচ্ছেদের মাধ্যমে 'Manual of Credit Guarantee Scheme' জারি করা হয়; যার 6.1.2 অনুচ্ছেদে অংশগ্রহণকারী প্রতিষ্ঠানসমূহের আবেদন প্রক্রিয়া এবং Annexure-9 এ অংশগ্রহণকারী চুক্তি সম্পাদনের শর্তাবলী সংক্রান্ত নির্দেশনাবলী প্রদান করা হয়েছিল।

০৩। এক্ষেত্রে, কুটির, মাইক্রো ও ক্ষুদ্র (CMS) উদ্যোগ খাতে ক্রেডিট গ্যারান্টি স্কীম এর কার্যক্রম সহজতর করার লক্ষ্যে সূত্রোল্লিখিত সার্কুলার নং-০৩/২০২০ এর ২.১ ও ২.২ অনুচ্ছেদ নিম্নোক্তভাবে প্রতিস্থাপিত হলো :

২.১. "আগ্রহী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানকে এ নীতিমালার ১.২ ও ১.৪ অনুচ্ছেদে বর্ণিত নির্দেশনার আলোকে CMS খাতে জামানতবিহীন চলতি মূলধন(Working Capital) ঋণ/বিনিয়োগের বিপরীতে ক্রেডিট গ্যারান্টি সুবিধার জন্য সিজিএস ইউনিটের সাথে আলোচনাক্রমে সংশ্লিষ্ট অংশগ্রহণকারী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান তাদের অব্যবহিত পূর্ববর্তী বছরের ৩১ ডিসেম্বর ভিত্তিক জামানতবিহীন CMS ঋণ/বিনিয়োগ এর ভিত্তিতে পোর্টফোলিও ঘোষণা করতে হবে। ক্রেডিট গ্যারান্টি স্কীমে অংশগ্রহণেচ্ছুক ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানসমূহ সুনির্দিষ্ট criteria fulfill করলে তাদের সাথে প্রাথমিকভাবে ০৫(পাঁচ) বছরের জন্য অংশগ্রহণ চুক্তি (Participation Agreement) সম্পাদন করা হবে যা পরবর্তীতে প্রয়োজনের নিরিখে বর্ধিত করা হতে পারে।"

২.২. "অংশগ্রহণ চুক্তিতে শুধুমাত্র এক বছরের (যে বছর চুক্তি স্বাক্ষরিত হবে শুধুমাত্র সেই বছরের) Portfolio Guarantee Limit (PGL) এর পরিমাণ উল্লেখ থাকবে।"

০৪। (ক) একইসাথে, 'Manual of Credit Guarantee Scheme' এর 6.1.2 অনুচ্ছেদ এর শেষাংশের পর নিম্নোক্ত লাইনসমূহ সংযোজিত হলো :

"The PGL for the subsequent year(s) will be determined by the CGS Unit based on the target and previous performance of the PFI and the availability of CGS fund. Hence, the CGS Unit will inform the Portfolio Guarantee Limit (PGL) to the PFI. In this connection, further agreement will not be required."


(খ) এতদ্ব্যতীত Manual of Credit Guarantee Scheme এর Annexure-9 এর 4.4 অনুচ্ছেদ নিম্নোক্তভাবে প্রতিস্থাপিত হলো :

"4.4. The maximum Portfolio Guarantee Limit (PGL) for the year _____ under this agreement is set at BDT_____. For each of the remaining years, the CGS Unit reserves the right to determine the portfolio guarantee limit and communicate the same to the PFI upon discussion with the PFI and considering the anticipated volumes and amount of CMSE loans/investments for the corresponding year. In addition, the PGL for the subsequent year(s) will be determined from the CGS Unit based on the target and previous performance of the PFI and the availability of CGS fund."

০৫। এসএমইএসপিডি সার্কুলার নং-০৩/২০২০ এবং Manual of Credit Guarantee Scheme এর অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

০৬। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারা এবং আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ১৮ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,



(এসএম মোহসীন হোসেন)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০২২১